

ওয়ান ইলেভেন সৃষ্টির জন্য জেনারেল মইন ও তার সহযোগীদের বিচার দাবি বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল অস্ট্রেলিয়া

সিডনি সংবাদ দাতা:

ওয়ান ইলেভেন সৃষ্টির জন্য সদ্য বিদায়ী সেনাপ্রধান জেনারেল (অব.) মইন উ আহমেদ এবং তার সহযোগীদের বিচার দাবিতে ১৬ ই জুন রোজ মঙ্গলবার যুবদল অস্ট্রেলিয়া এক প্রতিবাদ সভায় সিডনির একটি রেষ্টুরেন্টে অনুষ্ঠিত। অস্ট্রেলিয়া যুবদলের আহ্বায়ক হাফিজুল ইসলাম তারেকের সভাপতিত্বে যুগ্ম আহ্বায়ক এস এম রানার পরিচালনায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অস্ট্রেলিয়া বিএনপির আহ্বায়ক দেলোয়ার হোসেন।

জেনারেল মইনের এসব অপকর্মে দুদক চেয়ারম্যান হাসান মশহুদ, জেনারেল মাসুদ, জেনারেল মতিন, জেনারেল আমিন ও ব্রিগেডিয়ার জেনারেল ফজলুল বারী সহযোগীর ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন বলে অভিযোগ রয়েছে। সংবাদপত্র ও অন্যান্য মাধ্যমে এবং ভুক্তভোগীদের জবানবন্দীর মারফত দেশবাসী এবং সারা দুনিয়ার মানুষ এসব তথ্য ইতিমধ্যে অবগত হয়েছে। এইসব গুরুতর অপরাধ সংঘটনের দায়ে এদের প্রত্যেককে বিচারের মুখোমুখি করা সরকার ও প্রশাসনের নৈতিক ও সাংবিধানিক দায়িত্ব।

প্রধান অতিথি দেলোয়ার হোসেন বলেন, সংবিধান লঙ্ঘন, খালেদা জিয়াসহ রাজনীতিকদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের ও তাদের পরিবারকে নির্যাতন, অস্ত্রের দাপট দেখিয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড ও ২৯ ডিসেম্বরের নির্বাচনে ভোট কারচুপিতে সহায়তা করার অভিযোগে ২৪ ঘণ্টার মধ্যে মইনকে গ্রেফতার করে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে।

সভাপতি বলেন, জনগণের টাকায় কেনা পিস্তল কোমরে নিয়ে জনগণকে চোখ রাঙিয়েছেন জেনারেল মইন। এতো বড় সন্ত্রাসী বাংলাদেশে আর নেই। মইনকে গ্রেফতার করে বর্তমান সরকারের প্রমাণ করার সময় এসেছে যে, ওয়ান ইলেভেনের সঙ্গে তাদের কোনো সম্পৃক্ততা ছিল না। তিনি বলেন, জেনারেল মইন বড় চাঁদাবাজ। ভোটার আইডি কার্ডের জন্য ইসি মোটা অঙ্কের টাকা দিলেও মইন বিভিন্ন কোম্পানির কাছ থেকে হাজার হাজার লেপটপ নিয়েছেন।

সভায় আরো যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি মোসলেহউদ্দিন আরিফ, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি কুদরতউল্লাহ লিটন, বিএনপি নেতা ইব্রাহিম খলিল মাসুদ, যুবদল অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক রাশেদুল হক, যুবদলের নেতা আশরাফুল আলম রনি, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোবারক হোসেন, ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সুমন, সিনিয়র সহ-সভাপতি এএনএম মাসুম, সহ-সভাপতি ওমর ফারুক, নিউ সাউথ ওয়েলস ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন ও সাধারণ সম্পাদক মোস্তফা মোরশেদ নিখুন, জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, আবুল বাসার মিলন, সজিব আহমেদ, সর্দার মো: খালেদ অন্যতম।